

# ষড়যন্ত্রের বিপরীত ফল

(blackhash.weebly.com)

সংগ্রহে: **BlackHash Team**

এক সিংহ বুড়ো ও অসুস্থ হয়ে পরেছে। কয়েকদিন ধরে গুহায় পরে আছে। বনের পশুরা একে একে এসে তাদের রাজাকে দেখে যাচ্ছে। আসেনি শুধু খেঁকশিয়াল। এক নেকরে যাতে অন্যরা শুনতে পায় সেভাবে বলতে লাগল, আমি খেঁকশিয়ালের কথা ভাবছি। সে আমাদের রাজাকে এক দিনও দেখতে এল না! তার মানে বনের রাজার প্রতি তার কোনও ভক্তি শ্রদ্ধা নেই!

এই কথা খেঁকশিয়াল এক ফাকে শুনে ফেলে। সিংহ এদিকে শিয়ালকে দেখে ফেলে বলে, কিরে তোর এত সাহস!! আমাকে দেখতে এলি না।

শেয়াল তখন অতি বিনয়ের সাথে বলল, মহারাজ রাগ করবেন না। আগে আমার কথাটি শুনুন।

কি তোর কথা?

এই বনের অনেকে আপনাকে দেখতে এলেও আমার মত এত চিন্তা কি কেউ করেছিল আপনার জন্য?

কি চিন্তা করেছিস?

আপনার কিসে অসুখ সারে তা জানার জন্য অনেক জায়গায় খোঁজাখুঁজি করি, অবশেষে জানতে পারি কিভাবে আপনার অসুখ সারে।

বাঘ প্রফুল্ল হয়ে বলল, কিভাবে।

আমি শুনলাম জ্যান্ত নেকড়ের ছাল ছাড়িয়ে তা গরম থাকতে থাকতে তা দিয়ে আপনার গা ঢাকলে আপনার অসুখ নির্ঘাত সেরে যাবে।

এই কথা শোনার সাথে সাথে সিংহ নেকড়েকে মেরে ফেলে তার ছাল ছাড়িয়ে নেয়।

উপদেশঃ অন্যের জন্য গর্ত খুঁড়লে সেই গর্তে নিজেকেই পড়তে হয়।

বন্ধুরা, তোমরা এরকম আরও সুন্দর সুন্দর গল্প ও কমিক পেতে পার [blackhash.weebly.com](http://blackhash.weebly.com) এই ঠিকানায়।